


# জ্বরকাল

কলকাতা ১২ চৈত্র ১৪২৪ মঙ্গলবার ২৭ মার্চ ২০১৮ শহর সংস্করণ \*\*



প্রস্টেট আড়ায় চিকিৎসক এবং রোগীরা। বক্তা ডাঃ অমিত ঘোষ।

## দু'বছরে দ্বিগুণ হবে প্রস্টেট ক্যান্সারে আক্রান্তের সংখ্যা

### আজকালের প্রতিবেদন

আর দু'বছরের মধ্যেই প্রস্টেট ক্যান্সারে আক্রান্তের সংখ্যা দ্বিগুণ হবে বলে আশঙ্কা আইসিএমআর অর্থাৎ ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ-এর। কলকাতা-সহ বেশ কয়েকটি শহরে প্রস্টেট ক্যান্সারের প্রবণতা খুব বেশি। ৪৫ উন্নীর্ণ পুরুষদের প্রস্টেট প্রয়োগে অসুখ হোক বা না হোক, বছরে অস্তুত একবার রক্তের পিএসএ পরীক্ষা করিয়ে নেওয়া উচিত। বললেন ইউরো সার্জন ডাঃ অমিত ঘোষ। সম্প্রতি বেঙ্গল ক্লাবে প্রস্টেট ক্যান্সার ফাউন্ডেশন, বেঙ্গল ইউরোলজিট্রাস্ট ও বেঙ্গল চেম্বার অফ কমার্সের উদ্যোগে এক অভিনব আড়ায় আয়োজন করা হয়েছিল। ‘প্রস্টেট আড়ায়’র নামে এই আলোচনাসভায় ছিলেন বর্ষীয়ান অধ্যাপক চিকিৎসক ডাঃ অসীম দত্ত। ২০১৩ সালে তাঁর অ্যাডভাসেড স্টেজে প্রস্টেট ক্যান্সার ধরা পড়ে। ডাঃ অমিত ঘোষ ব্যাডিকাল প্রস্টেটমির সাহায্যে ক্যান্সারের হাত থেকে তাঁকে মুক্তি দেন। পুনের সুপ্রিয় হালদার একজন প্রস্টেট ক্যান্সার সার্ভাইভার। রোবোটিক সার্জারির সাহায্যে তাঁর রোগ সারে। এরা দু'জনেই নিজেদের অভিজ্ঞতার কথা জানালেন। এরা ছাড়াও প্রস্টেট আড়ায় উপস্থিত ছিলেন ডাঃ গোতম বন্দ্যোপাধ্যায় ও ডাঃ অভিয়েক বসু।

ছবি: দীপক গুপ্ত